

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ মে ২০২৩খ্রি

**মোখা মোকাবিলায় প্রস্তুত চসিক: মেয়র**

ঘূর্ণিঝড় মোখা থেকে মানুষের জান-মাল বাঁচাতে ৪১ টি ওয়ার্ডে মোট ৯০টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত করে রাখা হয়েছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

উল্লেখ্য, মোখা মোকাবিলায় বুধবার চসিকের দুর্য়োগ ব্যবস্থাপনা উপ-কমিটি এক জরুরি সভায় যেসব সিদ্ধান্ত গৃহিত হয় তা বাস্তবায়নে মেয়রের নেতৃত্বে চসিক কর্মকর্তা-কর্মচারীরা নিরলস কাজ করছেন। নগরীর দামপাড়ায় চসিক বিদ্যুৎ উপ-বিভাগ ভবনের নীচ তলায় খোলা হয়েছে কন্ট্রোলরুম যেখানে থাকা ০১৮৯৪-৮৮৩০০২ এবং ০২-৪১৩৬০২৭১ এই দুটি নাম্বারে যে কোন নাগরিক জরুরি সব ধরনের সেবার জন্য যোগাযোগ করতে পারবেন।

শুক্রবার বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ৮ নম্বর মহাবিপদ সংকেতের প্রেক্ষিতে নাগরিকদের উদ্দেশ্যে এক বার্তায় মেয়র বলেন, “ঘূর্ণিঝড় সংক্রান্ত যে কোন তথ্য জানতে বা যে কোন সহায়তার জন্য কন্ট্রোলরুমে দিন-রাত ২৪ ঘন্টা যে কোন সময় যোগাযোগ করতে পারবেন। নাগরিকদের বলব দুর্য়োগকালে ত্রাণ থেকে স্বাস্থ্যসেবা যে কোন প্রয়োজনে আপনারা আমাদের কন্ট্রোলরুমে যোগাযোগ করুন। আপনারদের সহযোগিতা জন্য প্রশিক্ষিত কর্মীবাহিনী দ্রুততম সময়ে সাড়া দিতে প্রস্তুত।”

সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ হলো ৪১ টি ওয়ার্ডে ৯০ টি আশ্রয়কেন্দ্র প্রস্তুতকরণ, কন্ট্রোল রুম গঠন, ওয়ার্ড কাউন্সিলরদের নেতৃত্বে ওয়ার্ড পর্যায়ে প্রস্তুতি সভা ও ঘূর্ণিঝড় মোখার গতিবেগ গভীরভাবে পর্যবেক্ষণের মাধ্যমে জরুরি যে কোন পদক্ষেপ গ্রহণ। নাগরিকদের মাঝে সচেতনতা তৈরিতে প্রতিটি এলাকায় মাইকিং করার পাশাপাশি আরবান মেডিকেল টিম, আরবান ভলান্টিয়ার ও উদ্ধারকর্মীদের প্রস্তুত রাখা হয়েছে। ঘূর্ণিঝড়ে বিশুদ্ধ পানি, শুকনো খাবার, প্রয়োজনীয় যানবাহন ও বিদ্যুৎ সরবরাহ ও সড়কবাতি নির্বিঘ্ন রাখার জন্য প্রস্তুতি নেয়া হয়েছে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮